



ঢাকা কমার্স কলেজ



স্থাপিত - ১৯৮৯ খ্রিস্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৮৮০৩৩৯০৩, ৮৮০৩৭৩৫৭, ৮৮০৩৬৯৪২

e-mail: cdhakacommercecollege@yahoo.com Web: www.dcc.edu.bd

স্মারক নং: ঢাকক- ৫৫/১৬৬/২২

তারিখ: ২৬/৭/২০২২

অফিস বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ঢাকা কমার্স কলেজে জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয়ের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কলেজে বিদ্যুৎ ব্যবহার হ্রাসকরণে নিম্নোক্ত নির্দেশনা দেয়া হলো:

১. কলেজে প্রথম শিফট ক্লাস চলাকালীন ২৫% এবং দ্বিতীয় শিফট ক্লাস চলাকালীন ৩০% বিদ্যুৎ ব্যবহার কমাতে হবে;
২. এয়ার কন্ডিশনারের তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াস নির্ধারণ করতে হবে;
৩. করিডোর, বিভাগ, শাখা, লাইব্রেরি, সেমিনার ও কেন্দ্রিন থেকে প্রকৌশল শাখা অতিরিক্ত লাইট খুলে সংরক্ষণ করবে;
৪. সকল কক্ষে লাইট, ফ্যান ও এসি চালু রাখা যথাসম্ভব হ্রাস করতে হবে;
৫. শ্রেণিকক্ষে শিক্ষার্থী কম থাকলে কক্ষের পিছনের লাইট ও ফ্যান বন্ধ রাখতে হবে;
৬. একই কক্ষে এসি'র সাথে ফ্যান চালানো যাবে না;
৭. লোডশেডিং এর সময় সকল দরজা ও জানালা খুলে এবং পর্দা ফাঁকা করে রাখতে হবে;
৮. সেমিনারে ০৫ জন এবং লাইব্রেরিতে ১০ জনের কম পাঠক থাকলে এসি চালানো যাবে না;
৯. তালাবন্ধ কক্ষে লাইট, ফ্যান, এসি ইত্যাদি চলমান রাখা চরম শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে;
১০. ছুটি হওয়ার ৩ মিনিটের মধ্যে সকল শ্রেণিকক্ষের লাইট, ফ্যান ও এসি বন্ধ করতে হবে;
১১. কম্পিউটার, প্রজেক্টর ইত্যাদি ব্যবহার করা না হলে সম্পূর্ণ বন্ধ রাখতে হবে;
১২. গ্যাসের চুলা, রুম হিটার, ওয়াটার হিটার, ওভেন ইত্যাদি যথাসম্ভব স্বল্প সময় চালু রাখতে হবে;
১৩. মূলগেইটের ডিসপ্লে বোর্ড বিশেষ প্রয়োজন না হলে দিনে বন্ধ থাকবে এবং সন্ধ্যার পর থেকে রাত ১১টা পর্যন্ত চলমান থাকবে;
১৪. লাইট, ফ্যান ও এসি নষ্ট হলে সংশ্লিষ্ট চেয়ারম্যান/শাখা প্রধান তাৎক্ষণিক প্রকৌশল শাখায় অবহিত করবেন;
১৫. জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয় মনিটরিং কমিটি বিষয়টি নিয়মিত তদারকী করবেন এবং অধ্যক্ষের দপ্তরে সাপ্তাহিক প্রতিবেদন দাখিল করবেন;
১৬. জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয়ে যেসব ব্যবস্থা কার্যকর করা হয়েছে সে বিষয়ে আগামী ৫ দিনের মধ্যে বিভাগীয় চেয়ারম্যান ও শাখা প্রধানগণ মনিটরিং কমিটির নিকট প্রতিবেদন দাখিল করবেন;
১৭. ১৫ নভেম্বর ২০২২ তারিখ পর্যন্ত জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয়ের নির্দেশনা কঠোরভাবে পালন করতে হবে।



অধ্যক্ষ
ঢাকা কমার্স কলেজ